


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩, উমেশ দত্তরোড, বকশী বাজার, ঢাকা-১২১১  
[www.prison.gov.bd](http://www.prison.gov.bd)

পত্র সংখ্যা ৫৮.০৪.০০০০.০২১.০১.০১৯.২১- ৭৪৬

তারিখ ২০ শ্রাবণ ১৪২৮  
০৪ আগস্ট ২০২১

বিষয় : সরকার কর্তৃক নির্ধারিত বয়স সীমা ১৮ বছরের উর্ধ্বে কর্মকর্তা ও কর্মচারীদের করোনা ভাইরাস (কোভিড-১৯) এর টিকা গ্রহণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপরোল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে সারাদেশে করোনা পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক হারে বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষিতে করোনা ভাইরাস(কোভিড-১৯) প্রতিরোধকল্পে সরকার কর্তৃক নির্ধারিত বয়সসীমা ১৮ বছরের উর্ধ্বে ব্যক্তিদের টিকা গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। সে মোতাবেক কারা বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের আগামী ৩০-৮-২০২১ তারিখের মধ্যে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর টিকা গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যেহেতু বন্দিদের ইতোমধ্যেই টিকা প্রদান করা হয়নি এবং বিষয়টি প্রক্রিয়াধীন বিধায় নির্ধারিত সময়ের মধ্যে কোন কর্মকর্তা বা কর্মচারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর টিকা গ্রহণে ব্যর্থ হলে তাদেরকে কারা অভ্যন্তরে বন্দি ব্যবস্থাপনার দায়িত্ব পালন হতে বিরত রাখা হবে।

  
মোঃ আবিদার হোসেন  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
[addI.ig@prison.gov.bd](mailto:addI.ig@prison.gov.bd)

কার্যার্থে বিতরণঃ

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।  
বর্নিত নির্দেশনা মোতাবেক আপনার দপ্তর ও অধীনস্থ কারাগারসমূহে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর টিকা গ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সিনিয়র জেল সুপার/ জেল সুপার, সকল কেন্দ্রীয় / জেলা কারাগার।
- ৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২ /বাজেট অফিসার/ স্টাফ অফিসার /পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। উল্লেখিত পত্রটি কারা বিভাগের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্ট ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৯। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ১০। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ মহাপরিদর্শক (সংদঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১১। গার্ড ফাইল।